

ছাপাখানা পরিদর্শনে শিক্ষামন্ত্রী
১ জানুয়ারি শিক্ষার্থীদের হাতে বই তুলে দেয়া হবে

ঢাকা, ১৮ ডিসেম্বর ২০১৭

শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ বলেছেন, শিক্ষার্থীদের জন্য বিনামূল্যের প্রায় সব বই শিক্ষা প্রতিষ্ঠানগুলোতে পৌঁছে গেছে। ২০১৮ শিক্ষাবর্ষে ৩৫ কোটি ৪২ লাখ ৯০ হাজার ১৬২টি বই ছাত্রছাত্রীদের মাঝে বিতরণ করা হবে। বিনামূল্যে পাঠ্যপুস্তক বিতরণের ফলে দরিদ্র পরিবারের ছেলেমেয়েরাও স্কুলে আসছে।

শিক্ষামন্ত্রী আজ রাজধানীর মাতুয়াইলে বিনামূল্যের পাঠ্যপুস্তকের বিভিন্ন ছাপাখানা পরিদর্শন শেষে সাংবাদিকদের সাথে মতবিনিময়কালে একথা বলেন।

শিক্ষামন্ত্রী বলেন, গত বছরের চেয়ে এবার ১০ লাখ ৭০ হাজার ৯৬৬ জন শিক্ষার্থী বেড়েছে। বই বেশি ছাপা হয়েছে ৭১ লাখ ৯৩ হাজার ৩৬৯টি। তবে প্রাক-প্রাথমিকের বই শিক্ষা প্রতিষ্ঠানে রাখা হয় বিধায় এবার প্রাক-প্রাথমিকের বই গত বছরের চেয়ে কিছু কম বিতরণ করা হবে। তিনি বলেন, এবারের বইগুলো ভালো মানের কাগজে ছাপা হয়েছে। বইগুলো আকর্ষণীয় ও রঙিন। নবম-দশম শ্রেণির ১২টি সুখপাঠ্য বই দামী কাগজে রঙিন ছবিসহ ছাপা হয়েছে।

শিক্ষামন্ত্রী আরো বলেন, প্রধানমন্ত্রী শেখ হাসিনা ২০১৮ শিক্ষাবর্ষে বিভিন্ন শ্রেণির শিক্ষার্থীদের মাঝে বিনামূল্যে পাঠ্যপুস্তক বিতরণ কার্যক্রম আগামী ৩০ ডিসেম্বর আনুষ্ঠানিকভাবে উদ্বোধন করবেন। আগামী জানুয়ারি মাসের ০১ তারিখে ঢাকার আজিমপুর গভর্নমেন্ট গার্লস স্কুল এন্ড কলেজ প্রাঙ্গণে বই উৎসরের মাধ্যমে বই বিতরণ করা হবে। একই দিন সারা দেশের শিক্ষা প্রতিষ্ঠানগুলোতে শিক্ষার্থীদের হাতে বই তুলে দেয়া হবে।

পরিদর্শনকালে মাধ্যমিক ও উচ্চশিক্ষা বিভাগের অতিরিক্ত সচিব চৌধুরী মুফাদ আহমেদ ও জয়নুল বারী, জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ডের চেয়ারম্যান প্রফেসর নারায়ন চন্দ্র সাহা ও সদস্য ড. ইনামুল হক সিদ্দিকী উপস্থিত ছিলেন।